

আনন্দ উল্লাসে মেতেছে শিক্ষার্থীরা

বরিশাল ব্যুরো

০৯ ফেব্রুয়ারি ২০২৩, ০০:০০:০০ | প্রিন্ট সংস্করণ

বরিশালে কলেজে কলেজে উচ্ছ্বাসে মেতে উঠেছে শিক্ষার্থীরা। কাজিত ফল পেয়ে খুশি তারা। উচ্চমাধ্যমিক পরীক্ষায় বরিশাল বোর্ডে পাশের হার ৮৬ দশমিক ৯৫ ভাগ। গত বছর পাশের হার ছিলে ৯৫ দশমিক ৭৬। তবে গত বছরের তুলনায় পাশের হার কম হলেও ফলাফলে সন্তুষ্ট বলে জানিয়েছে বোর্ড কর্তৃপক্ষ। জিপিএ-৫ পেয়েছে ৭ হাজার ৩৮৬ জন, যা গতবছরের তুলনায় ২ হাজার ৫৮৫ জন কম। বুধবার এ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অরুণ কুমার গাইন এক সংবাদ সম্মেলনে ফলাফল প্রকাশ করেন।

পরীক্ষা নিয়ন্ত্রক জানান, কোনো কলেজেই শূন্য পাশ নেই। তবে শতভাগ পাশ রয়েছে ৩৪টি কলেজে। ইংরেজিতে তুলনামূলক ফল খারাপ হয়েছে। ৬১ হাজার ৮৮৫ পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৫৩ হাজার ৮০৭ জন। এর মধ্যে ছেলে ২৫ হাজার ৫৮৮ ও মেয়ে ২৮ হাজার ২১৯ জন। ৭ হাজার ৩৮৬ জন জিপিএ-৫ প্রাপ্তদের মধ্যে ছেলে ২ হাজার ৫৮০ ও মেয়ে ৫ হাজার ৮০৬ জন। পরীক্ষা নিয়ন্ত্রক বলেন, বরিশাল বিভাগে এবারে পাশের হারে এগিয়ে রয়েছে ভোলা জেলা। এ জেলায় পাশের হার ৯২ দশমিক ০৯। এর পরে ৯১ দশমিক ১২ ভাগ নিয়ে এগিয়ে আছে বরিশাল। ঝালকাঠিতে পাশের হার ৮৮ দশমিক ২৫, পিরোজপুরে ৮৮ দশমিক ১৮, বরগুনায় ৮৭ দশমিক ৮৩ ও পটুয়াখালীতে পাশের হার ৭৩ দশমিক ৭৫ ভাগ। ভোলা পাশের হারে এগিয়ে থাকলেও ২ হাজার ২৯৭টি জিপিএ-৫ পেয়ে এগিয়ে বরিশাল জেলা। এছাড়া ভোলায় জিপিএ-৫ পেয়েছে ৬৫৩ জন, ঝালকাঠিতে ২৯৮ জন, পিরোজপুরে ৫৪৭ জন, বরগুনায় ৫২৭ জন ও পটুয়াখালীতে ৪৮৪ জন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সৰ্বস্বত্ব স্বত্বাধিকাৰ সংৰক্ষিত

এই ওয়েবসাইটৰ কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023